

আবাসন নিশ্চিতের দাবিতে ঢাবি ছাত্রীদের প্রতীকী অনশন

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

০৬ জানুয়ারি, ২০২৫
১৩:২৬

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ছাত্রীদের নতুন হল নির্মাণের আগ পর্যন্ত অস্থায়ী আবাসনের ব্যবস্থা নিশ্চিত করাসহ বিভিন্ন দাবিতে প্রতীকী অনশন ও অবস্থান কর্মসূচি পালন করছেন একদল নারী শিক্ষার্থী। আজ সোমবার (০৬ জানুয়ারি) সকাল ১১টায় পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন শিক্ষার্থীরা। বিকেল ৫টা পর্যন্ত তাদের এই অবস্থান কর্মসূচি চলমান থাকবে বলে জানিয়েছেন তারা।

আরো পড়ুন



নিরাপত্তায় ঢেকে দেওয়া হচ্ছে সালমান খানের বাড়ি

এর আগে, গতকাল রবিবার বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (ডুজা) কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই কর্মসূচির ঘোষণা দেন তারা।

এ সময় তারা দাবি করেন, বিশ্ববিদ্যালয়ের আবাসিকীকরণ সমস্যা দিন দিন প্রকট হয়ে উঠলেও এর তাৎক্ষণিক সমাধান প্রদানে প্রশাসনের উদাসীনতা স্পষ্ট হয়েছে। বিভিন্নভাবে প্রশাসনকে এটি বলা হলেও গুরুত্ব দেওয়া হচ্ছে না। তাই তারা এই কর্মসূচি বেছে নিয়েছে।

গত সপ্তাহে উপাচার্য বরাবর সাত দফা দাবিতে স্মারকলিপি প্রদান করেন ছাত্রীরা।

দাবিগুলো হলো- প্রথম বর্ষেই শতভাগ শিক্ষার্থীর জন্য আবাসনব্যবস্থা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। অবিলম্বে গণরুম বিলুপ্ত করাসহ অমানবিক ও অস্বাস্থ্যকর গণরুমপ্রথা তুলে নিয়ে পর্যাপ্ত আবাসনব্যবস্থা নিশ্চিত করতে হবে। নতুন ছাত্রী হল চালু না হওয়া পর্যন্ত ছাত্রীদের অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা। প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের মালিকানাধীন ভবনে বা ক্যাম্পাসের পার্শ্ববর্তী এলাকায় বিল্ডিং ভাড়া নিয়ে ছাত্রীদের অস্থায়ী আবাসনের ব্যবস্থা করতে হবে।

আরো পড়ুন



খালেদা জিয়ার নাইকো মামলায় আরো ৪ জনের সাক্ষ্য

এ বিষয়ে দ্রুত প্রশাসনের বিজ্ঞপ্তি প্রদান ও নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার ঘোষণা দিতে হবে। ছাত্রীদের নতুন হল বাধ্যতামূলকভাবে মূল ক্যাম্পাসের ভেতরেই নির্মাণ করা এবং দ্রুত নির্মাণকাজ দৃশ্যমান করতে হবে। অনতিবিলম্বে অনাবাসিক ছাত্রীদের হলে প্রবেশের সুবিধা নিশ্চিত করতে হবে।

আরো পড়ুন



রংপুরের চারে চার নাকি সিলেটের প্রথম

বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক ছাত্রীদের হল কার্ড জমাদানপূর্বক নির্দিষ্ট সময় পর্যন্ত যেকোনো হলে প্রবেশ এবং ডাইনিংসহ অন্যান্য সুবিধা গ্রহণের অনুমতি দিতে হবে। ক্রমান্বয়ে প্রতিটি হলে ডাবলিং ব্যবস্থা তুলে দিয়ে শিক্ষার্থীদের আবাসনের সুব্যবস্থা নিশ্চিত করতে হবে।

নতুন ভবনে স্থানান্তরের মাধ্যমে মৈত্রী এবং বঙ্গমাতা হলকে ধারাবাহিকভাবে মূল ক্যাম্পাসে স্থানান্তর করতে হবে।